ঘৃণাজনিত সহিংসতার উদাহরণ

ডিপার্টমেন্ট অব ফেয়ার এমপ্লয়মেন্ট এন্ড হাউজিং-এর উদ্দেশ্য হচ্ছে চাকরী, হাউজিং এবং সরকারি বাসস্থানের ক্ষেত্রে অবৈধ বৈষম্য, এবং ঘৃণাজনিত সহিংসতা ও মানব পাচারের মত অপরাধমূলক কাজ থেকে ক্যালিফোর্নিয়ার জনগণকে সুরক্ষা প্রদান করা।.

ডিপার্টমেন্ট অব ফেয়ার
এমপ্লয়মেন্ট এন্ড হাউজিং

ঘৃণাজনিত সহিংসতা এবং নাগরিক অধিকার

রালফ নাগরিক অধিকার আইন অনুযায়ী পরবর্তী কাজগুলো অবৈধঃ

⇒ কোন ব্যক্তি কোন সুরক্ষিত গ্রুপের প্রকৃত সদস্য হয়ে থাকলে বা তাকে সেই গ্রুপের সদস্য মনে করে ব্যক্তির সাংবিধানিক অধিকারে বলপূর্বক বা বল প্রয়োগের হুমকির মাধ্যমে হস্তক্ষেপ করা।

⇒ প্রার্থনার জন্য সমবেত একই ধর্মের লোকজনের গ্রুপকে ইচ্ছাকৃত ভাবে বাধাগ্রস্থ করা।

⇒ সহিংসতার হুমকি প্রদানের মাধ্যমে ধর্মীয় কর্ম কাণ্ডে নিরুৎসাহিত করার প্রচেষ্টা।

⇒ কোন ব্যক্তি কোন সুরক্ষিত গ্রুপের প্রকৃত সদস্য হয়ে থাকলে বা তাকে সেই গ্রুপের সদস্য মনেকরে ব্যক্তির সম্পত্তির ক্ষতিকরা।

⇒ কোন ব্যক্তি কোন সুরক্ষিত গ্রুপের প্রকৃত সদস্য হয়ে থাকলে বা তাকে সেই গ্রুপের সদস্য মনে করে প্রার্থনার স্থান তছনছ করা।

⇒ কোন ব্যক্তি কোন সুরক্ষিত গ্রুপের প্রকৃত সদস্য হয়ে থাকলে বা তাকে সেই গ্রুপের সদস্য মনে করে ব্যক্তিকে মারধোর করা।

⇒ কোন ব্যক্তি কোন সুরক্ষিত গ্রুপের প্রকৃত সদস্য হয়ে থাকলে বা তাকে সেই গ্রুপের সদস্য মনে করে তার বিরুদ্ধে বে-আইনী সহিংসতার প্রচারণা করা, যার লক্ষ্য হচ্ছে আসন্ন বে-আইনী কার্যকলাপে প্ররোচনা যোগানো বা ঘটানো এবং যা এ ধরনের কার্যকলাপ ঘটাতে পারে।

আরো তথ্যর জন্যঃ

Department of Fair Employment and Housing
Toll Free: (800) 884-1684
TTY: (800) 700-2320
Online: www.dfeh.ca.gov

আমাদেরকে এখানেও দেখুন

আপনি প্রতিবন্ধী হওয়ার কারণে লিখিত কোন প্রাথমিক অভিযোগের ফর্ম অন-লাইন, ডাকে, বাই মেইলে পাঠাতে না পারলে, ডি এফ ই এইচ আপনার প্রাথমিক অভিযোগ ফোনে লিপিবদ্ধ করে সহায়তা করতে পারে, অথবা যারা বধির বা যাদের শ্রবণ শক্তি কম বা যারা বাক প্রতিবন্ধী, তাদের কে ক্যালিফোর্নিয়া রিলে সার্ভিসের মাধ্যমে(711) সহায়তা করতে পারে, অথবা আপনার ভি আর এস-এর মাধ্যমে আমাদেরকে (800) 884-1684 (ভয়েস) নম্বরে ফোন করুন।

এপয়েন্টমেন্ট করার জন্য, 800-884-1684 (ফোন) বা 800-700-2320 (TTY) নম্বরে যোগাযোগ করুন বা ইমেইলে contact.center@dfeh.ca.gov ঠিকানায় যোগাযোগ করুন। প্রতিবন্ধী লোকদের জন্য অনুরোধের পরিপ্রেক্ষিতে ডি এফ ই এইচ যুক্তিসংগত ব্যবস্থা হিসেবে একটি বিকল্প ফরম্যাটে আমাদের কাগজ পত্র উপস্থাপন করতে প্রতিশ্রুতিবদ্ধ।
আমাদের কাগজ পত্র পড়া বা ওয়েবসাইটে প্রবেশের জন্য আপনার পছন্দের ফরম্যাট নিয়ে আলোচনার জন্য ডি এফ ই এইচ-এ(800) 884-1684 নম্বরে(ভয়েস বা রিলে ওপারেটরের মাধ্যমে 711),TTY (800) 700-2320 বা contact.center@dfeh.ca.gov- এ যোগাযোগ করুন।

STATE OF CALIFORNIA
DEPARTMENT OF FAIR
EMPLOYMENT & HOUSING
DFEH-R01B-BG 12/16

রালফ নাগরিক অধিকার আইন

কোন ব্যক্তির প্রকৃত লিঙ্গ/লৈঙ্গিক অবস্থান বা তাকে সেরকমটি মনে করে তার উপর কোন প্রকার সহিংসতামূলক কাজ সহিংসতার হুমকি নিষিদ্ধ করে, এবং এর অন্তর্ভুক্ত থাকছে গর্ভবতী অবস্থা, শিশু জন্মদান, এবং সংশ্লিষ্ট শারীরিক অসুস্থতা, লিঙ্গ পরিচিতি এবং লৈঙ্গিক ভাব প্রকাশ, জাতিবর্ণ, ধর্ম, পূর্ব পুরুষ, দেশ, প্রতিবন্ধীত্ব, শারীরিক অসুস্থতা, পূর্ব পুরুষ, বৈবাহিক অবস্থা, যৌন পরিচিতি, নাগরিকত্ব, মূলভাষা, অভি বাসনের অবস্থা, রাজনৈতিক সংশ্লিষ্টতা, বা শ্রমসংক্রান্ত বিরোধে মতামত (ক্যালিফোর্নিয়া দেওয়ানি আইনের ধারা 51.7)।

বর্ণিত এই বৈশিষ্ট্য গুলো শুধু উদাহরণ এবং অন্যান্য কোন কিছুর ভিত্তিতে এই আইনের আওতায় বৈষম্যের দাবী উত্থাপন করাও সম্ভব। এই দেওয়ানি আইন দ্বারা নিষিদ্ধ কার্যকলাপগুলো ফৌজদারি অপরাধ ও হতে পারে এবং লঙ্ঘনকারীকে ফৌজদারি শাস্তির সম্মুখীন করা হতে পারে। রালফ নাগরিক অধিকার আইন কোন ব্যক্তির জন্য কোন মালামাল বা পরিষেবার জন্য চুক্তি স্বাক্ষরের পূর্বশর্ত হিসাবে এই আইনের সুরক্ষা থেকে অব্যাহতি লাভের বাধ্যবাধকতাকেও নিষিদ্ধ করে, এবং এর অন্তর্ভুক্ত থাকছে অভিযোগ বা মামলা দাখিলের বা অ্যাটর্নি জেনারেল, ডি এফ ই এইচ, বা প্রসিকিউটার বা আইন প্রয়োগকারী সংস্থাকে অবহিত করার অধিকার।

ডিএফইএইচ এর কাজ কি কি?

ডিপার্টমেন্ট অব ফেয়ার এমপ্লয়মেন্ট এন্ড হাউজিং (ডিএফইএইচ) ক্যালিফোর্নিয়ার দেওয়ানি আইন কার্যকর করে থাকে যা পরবর্তী পন্থায় ঘৃণাজনিত সহিংসতাকে নিষিদ্ধ করে

⇒ অভিযোগের তদন্ত;

⇒ আইনের লঙ্ঘনের জন্য অভিযোগ দায়ের করা; এবং

⇒ লিখিত কাগজ পত্র এবং সেমিনার ও সম্মেলনে অংশ গ্রহণ করানোর মাধ্যমে ক্যালিফোর্নিয়া বাসীদেরকে ঘৃণাজনিত সহিংসতা, মানবপাচার, হয়রানি, এবং বৈষম্য নিষিদ্ধকরণ আইন সম্পর্কে জ্ঞানদান।

ক্যালিফোর্নিয়ার আইন অনুযায়ী কোন কোন ধরনের কাজ নিষিদ্ধ?

ক্যালিফোর্নিয়ার আইন যে কোন প্রকার মৌখিক বা লিখিত হুমকি, শারীরিক আক্রমণ বা আক্রমণের প্রচেষ্টা, দেওয়াল লিখন/চিত্র, তছনছ বা সম্পত্তির ক্ষতি করা নিষিদ্ধ করে। ক্যালিফোর্নিয়ার অন্যান্য আইন বিভিন্ন কার্যকলাপের জন্য ফৌজদারী শাস্তির বিধান রেখেছে এবং এই শাস্তিযোগ্য কার্যকলাপের অন্তর্ভুক্ত রয়েছে প্রার্থনার জন্য সমেবেত কোন গ্রুপকে বাধা প্রদান; ধর্মীয় শিক্ষা প্রতিষ্ঠানের মালিকানাধীন কোন ভবন বা প্রার্থনার স্থান তছনছ করা, সহিংসতার হুমকির মাধ্যমে ধর্মীয় কার্যকলাপ নিরুৎসাহিত করার প্রচেষ্টা, অথবা কোন ব্যক্তিকে তার প্রার্থনা স্থলে বা কোন ব্যক্তি মালীকানাধীন সম্পত্তিতে কোন বোমা বা অগ্নিসংযোগের মাধ্যমে তার ব্যক্তিগত নিরাপত্তার ভীতির কারণ হওয়া, যদি সেই সম্পত্তি ব্যক্তির বা অবস্থানকারীর জাতি, বর্ণ, ধর্ম, পূর্ব পুরুষ. , বা অন্য কোন সুরক্ষিত ভিত্তির কারণে লক্ষ্য বস্তুতে পরিণত করা হয়ে থাকে।

আক্রান্তদেরকে এই আইনগুলো কিভাবে সহায়তা করে?

যে সকল ব্যক্তি তাদের জাতি, বর্ণ, ধর্ম, পূর্বপুরুষ, দেশ, বয়স, প্রতিবন্ধীত্ব, লিঙ্গ, লিঙ্গ পরিচিতি, রাজনৈতিক সংশ্লিষ্টতা বা শ্রম দ্বন্দ্বে মতামতের কারণে সহিংসতা বা সহিংসার হুমকিতে আক্রান্ত হয়েছে, এই আইনগুলো তাদের জন্য প্রতিকার বয়ে আনে।এই সকল প্রতিকারের অন্তর্ভুক্ত রয়েছে:

- ⇒ **নিষেধাজ্ঞা**
- ⇒ **প্রকৃত ক্ষতিপূরণ**
- ⇒ **শাস্তিমূলক ক্ষতিপূরণ**
- ⇒ **দেওয়ানিদণ্ড**
- ⇒ **আইনজীবির ফিস**

এই আইনগুলো দ্বারা প্রচলিত অধিকার প্রয়োগের জন্য যে কেউ অনেকগুলো পদক্ষেপ গ্রহণ করতে পারে।

আমি যদি মনে করি যে আমি ঘৃণাজনিত সহিংসতার শিকার, আমি কী করতে পারি?

1. আপনি এই পুস্তিকাটি ব্যবহার করতে পারেন। কোন সমস্যা নিয়ে যোগাযোগের সময় আপনি এটি আইনজীবি, পুলিশ, অথবা সরকারি সংস্থাকে দেখাতে পারেন।

2. যে কোন প্রকার সহিংস হুমকি বা কার্যকলাপ অবহিত করুন। সহিংস হুমকি কার্যকলাপের সাথে বৈশিষ্টের (জাতি, লিঙ্গ, বয়স, প্রতিবন্ধীত্ব, লিঙ্গ পরিচিতি ইত্যাদি) সংযোগ ব্যাখ্যা করতে ভুলবেন না। মনে রাখবেন, আপনার নিজস্ব বৈশিষ্ট্য অথবা আপনি যে গ্রুপ বা ব্যক্তির সাথে সংশ্লিষ্টতার ভিত্তিতে এই সংযোগ ঘটে থাকতে পারে।

3. আপনি অভিযোগ দাখিল করতে পারবেন। অভিযোগ ডি এফ ই এইচ, আদালতে, অথবা যেকোন সরকারি সংস্থার কাছে দাখিল করা যাবে, যেমন স্থানীয় পুলিশ ডিপার্টমেন্ট, ডিস্ট্রিক্ট অ্যাটর্নি, অথবা ক্যালিফোর্নিয়ার অ্যাটর্নি জেনারেল।

অভিযোগ ডি এফ ই এইচ-এ, আদালতে, বা অন্য কোন সরকারি সংস্থার কাছে দাখিল করা যাবে, যেমন পুলিশ ডিপার্টমেন্ট, ডিস্ট্রিক্ট অ্যাটর্নি অথবা সি এ অ্যাটর্নি জেনারেল।

ক্যালিফোর্নিয়ার দেওয়ানি আইনের ধারা 52 অনুযায়ী, রালফ বা বেন নাগরিক অধিকার প্রয়োগের জন্য একটি ব্যক্তিগত মামলা দাখিল করা যাবে।

ক্যালিফোর্নিয়াতে কিভাবে অভিযোগ দাখিল করতে হবে?

আক্রান্ত ব্যক্তি অপরাধীর পরিচয় সম্পর্কে জানার অবশ্যই এক বছরের মধ্যে ডি এফ ই এইচ-এ অভিযোগ দাখিল করতে হবে, তবে তা কখনই ক্ষতিগ্রস্থ হওয়ার তারিখ থেকে তিন বছরের পরে হতে পারবে না। এর জন্য কোন আইনজীবির প্রয়োজন নেই এবং ডিপার্টমেন্টের পরিষেবার জন্য কোন ফিস লাগবেনা। অভিযোগের সুনির্দিষ্ট তথ্য নিয়ে প্রস্তুত থাকবেন এবং অভিযোগের বিবরণের সমর্থনে কাগজপত্রের কপি জমা দিবেন।.

আপনি ডিএফইএইচ-কে (800) 884-1684 নম্বরে বিনামূল্যে ফোন করে যোগাযোগ করতে পারবেন।

দেওয়ানি প্রতিকারসমূহ

নিষেধাজ্ঞা:আদালত থেকে নিষেধাজ্ঞা জারির পর, সেই আদেশ লঙ্ঘনকারীকে জরিমানা করা হতে পারে বা কারাদণ্ড দেওয়া হতে পারে।

প্রকৃত ক্ষতি পূরণ:চিকিৎসার খরচ, আয়ের ক্ষতি, সম্পত্তির মেরামত, বা মানসিক কষ্ট বা বিপর্যয়ের জন্য খরচ সহ অন্যান্য ক্ষতিপূরণ এর অন্তর্ভুক্ত।

শাস্তিমূলক ক্ষতিপূরণ: লংঘন কারীকে সাজা প্রদানের জন্য আদালত বাড়তি ক্ষতি পূরণের আদেশ দিতে পারে।

দেওয়ানি শাস্তি: আদালত $25,000 জরিমানা করতে পারে, যা অভিযোগ দাখিলকারীকে প্রদান করা হবে।

আইনজীবির ফিস: মামলার কারণে আইনজীবির ফিস পরিশোধ করার জন্য আদালত আদেশ প্রদান করতে পারে।